

# পাবিপ্রবির সপ্তম উপাচার্য হিসেবে ড. শামীমের যোগদান

আঞ্চলিক প্রতিনিধি, পাবনা

প্রকাশ: ১৬ মে, ২০২৬ ২১:৪৩



ছবি : কালের কণ্ঠ

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পাবিপ্রবি) সপ্তম উপাচার্য হিসেবে যোগদান করেছেন অধ্যাপক ড. আবুল হাসনাত মোহা. শামীম। শনিবার (১৬ মে) সকালে তিনি আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করেন।

ক্যাম্পাসে পৌঁছালে উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান তাকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। এর আগে গত বৃহস্পতিবার মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর তাকে আগামী ৪ বছরের জন্য এই পদে নিয়োগ দেন। তিনি বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) মৃত্তিকা বিজ্ঞান বিভাগের অধ্যাপক এবং সর্বশেষ বাউবির কোষাধ্যক্ষ হিসেবে দায়িত্বে ছিলেন।

দুপুরে বিশ্ববিদ্যালয়ের ডিন, বিভাগীয় চেয়ারম্যান ও দপ্তর প্রধানদের সঙ্গে এক মতবিনিময়সভায় নবনিযুক্ত উপাচার্য বলেন, ‘পাবিপ্রবিকে সুশিক্ষা, গবেষণা ও সমাজসেবার হাব হিসেবে গড়ে তোলা হবে।

যুগের চাহিদানুযায়ী নতুন বিভাগ খোলার পাশাপাশি ক্যাম্পাসে স্বচ্ছতা, জবাবদিহি ও নৈতিক শিক্ষার সংস্কৃতি নিশ্চিত করা হবে।' এ ছাড়া ক্যাম্পাসকে সবুজে রূপান্তর করতে বৃক্ষরোপণ কর্মসূচি জোরদার করার ঘোষণা দেন তিনি।

প্রসঙ্গত, অধ্যাপক ড. আবুল হাসনাত মোহা. শামীম ১৯৭৬ সালের ১৫ জুলাই চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জে জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা বিজ্ঞান বিভাগ থেকে প্রথম শ্রেণিতে স্নাতক ও স্নাতকোত্তর সম্পন্ন করেন।

২০১০ সালে জাপানের ওকাইয়ামা বিশ্ববিদ্যালয় থেকে পরিবেশ বিজ্ঞানে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

পরে ২০০৫ সালে বাউবিতে প্রভাষক হিসেবে কর্মজীবন শুরু করা এই গবেষকের আন্তর্জাতিক জার্নালে ৪০টিরও বেশি প্রবন্ধ প্রকাশিত হয়েছে। বর্তমানে তিনি ভেষজ উদ্ভিদ ও মাটির উপাদান থেকে নতুন অ্যান্টিবায়োটিক এবং কীটনাশক অনুসন্ধান নিয়ে গবেষণা করছেন। এ ছাড়া একাদশ-দ্বাদশ শ্রেণির কৃষি শিক্ষা বিষয়ে তাঁর রচিত বই দেশের বিভিন্ন কলেজে পাঠ্য রয়েছে।